

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
জেলা কার্যালয়, সুনামগঞ্জ।  
[www.dnc.sunamganj.gov.bd](http://www.dnc.sunamganj.gov.bd)

স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
৩০৩ মাইলি সুনামগঞ্জ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
১০ বৈশাখ, ১৪৩৩

নথি নং-৫৮.০২.৯০০০.০০০.০০০.৩৪.০০১.২৪-২৩০

তারিখ ২৩ এপ্রিল, ২০২৬

বিষয় : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা আয়োজন।

সূত্র : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা'র স্মারক নং-২৭০ তারিখ: ১৬/০৪/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬শে জুন, ২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

ক্রম	শ্রেণি/পর্যায়	২০২৬ সালের জন্য রচনার বিষয়বস্তু
ক.	৬ষ্ঠ, ৭ম, ৮ম বা সমমান (সর্বোচ্চ ১০০০ শব্দ)	সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা
খ.	৯ম, ১০ম বা সমমান (সর্বোচ্চ ১৫০০ শব্দ)	ভারুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামী বাংলাদেশ
গ.	একাদশ, দ্বাদশ, স্নাতক বা সমমান (সর্বোচ্চ ২০০০ শব্দ)	মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশের বিনির্মানের ভিত্তি

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। সুনামগঞ্জ জেলায় অবস্থিত সকল মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোনক্রমেই রচনা ফটোকপি গ্রহণযোগ্য নয়।
- ৩। রচনার ১ম পাতায় প্রতিযোগীর নাম, শ্রেণি, রোল, শাখা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম পিতা/অভিভাবকের নাম ও মোবাইল নাম্বার উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
- ৫। স্বহস্তে লিখিত রচনা আগামী ১২.০৫.২০২৬ তারিখের মধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জে সরাসরি বা ডাকযোগে জমা দিতে হবে।

এমতাবস্থায়, আপনার শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে-০২(দুই)পাতা।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

-----  
-----

স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
১০ বৈশাখ, ১৪৩৩  
(মো: আবুল হোসেন)  
উপপরিচালক  
ফোন : ০২৯৯৬৬০০৩৪৭

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।